

মোঃ ইউসুফ মিঞা, মহাপরিচালক (অবঃ), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

স্বনামধন্য কৃষি বিজ্ঞানী এবং বিশিষ্ট কীটতত্ত্ববিদ জনাব মোঃ ইউসুফ মিঞা ৩০ আগস্ট ২০০৯ হতে ২৯ নভেম্বর ২০১০ পর্যন্ত বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর মহাপরিচালক ছিলেন। অতঃপর, তিনি সরকারী চাকরি হতে অবসর গ্রহণ করেন।

জনাব মোঃ ইউসুফ মিঞা ১ জানুয়ারি ১৯৭৬ সালে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এ বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে যোগদান করেন। এরপর তিনি নিয়মিত ভাবে উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, পরিচালক ও মহাপরিচালক পদে পদোন্নতি প্রাপ্ত হন।

মহাপরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণের পূর্বে জনাব ইউসুফ বারি'র প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এবং উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। পরিচালক হওয়ার পূর্বে তিনি অঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, যশোর এবং কীটতত্ত্ব বিভাগ, গাজীপুর এ মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে কর্মরত ছিলেন। তিনি অত্যন্ত সফলভাবে ফসলের পোকা-মাকড় ও রোগবালাই দমন ব্যবস্থাপনা বিষয়ে প্রযুক্তি উদ্ভাবন ও মাঠ পর্যায়ে এগুলোর সম্প্রসারণ কাজ করেন। জনাব ইউসুফ একজন সফল গবেষণা ব্যবস্থাপক (Research Manager) ছিলেন।

জনাব মোঃ ইউসুফ মিঞা ২৪ মার্চ ২০০৯ এ Virginia Tech , USA তে প্রতিষ্ঠিত USAID এর পৃষ্ঠপোষকতায় IPM CRSP কর্তৃক International IPM Excellence Award এ ভূষিত হন। ১৯৮২ সালে তার প্রকাশিত “Rodent Damage and burrowing characteristics in Bangladesh wheat fields” শিরোনামের প্রবন্ধটি Denver Wildlife Research Center (DWRC) কর্তৃক Outstanding Publication এর সম্মানিনা পায়। এছাড়াও ২০০৪ সালে তার উপস্থাপিত একটি প্রকাশনা বাংলাদেশ কীটতত্ত্ব সমিতি কর্তৃক Best Presentation Award লাভ করে। দেশি বিদেশি বিভিন্ন সায়েন্টিফিক জার্নাল ও ম্যাগাজিনে তাঁর অনেক গবেষণা নিবন্ধ/পপুলার প্রবন্ধ প্রকাশিত হয়েছে। এছাড়াও তিনি বই এবং মাসিক ম্যাগাজিনে নিয়মিতভাবে বিজ্ঞান গবেষণা বিষয়ক বিভিন্ন নিবন্ধ প্রকাশ করেছেন।

জনাব মোঃ ইউসুফ মিঞা বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ এবং সিম্পোজিয়ামে যোগদানের উদ্দেশ্যে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, চীন, জাপান, নেপাল, ভারত, হংকং, ফিলিপাইন ও সৌদি আরব ভ্রমণ করেন।

ব্যক্তিগত জীবনে জনাব মোঃ ইউসুফ মিঞা ০৪ সন্তানের (২ ছেলে ও ২ মেয়ে) জনক। এ স্বনামক্ষ্যাত বিজ্ঞানী ১৯৫৩ সালের ৩০ নভেম্বর নরসিংদীর নোয়াগাঁও ডাকঘরের খিদিরকান্দী গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন।